মুজিবনগরে চেয়ারম্যান আয়ূব হোসেনের একযুগ পূর্তি উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন পরিষদের তিন মেয়াদে নির্বাচিত জনপ্রতিনিধি হিসেবে চেয়ারম্যান আয়ুব হোসেনের দায়িত্ব পালনের একযুগ পূর্তি উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করেছে ইউনিয়নবাসী।

আজ বৃহস্পপতিবার বিকেলে ইউনিয়ন ব্যাপী মোটরসাইকেল শোভাযাত্রা, পুষ্পমাল্য অর্পণ, কেককাটা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি স্মরণ করা হয়।

অনুষ্ঠানের শুরুতে ইউনিয়নব্যাপী মোটরসাইকেল শোভাযাত্রা করে মুজিবননগর স্মৃতিসৌধ পুষ্পমাল্য অর্পণ করা হয়। এরপরে মুজিবনগর স্মৃতি কমপ্লেক্সে অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুলেল শুভেচ্ছা জানান চেয়ারম্যান আয়ুব হোসেন।

বাগোয়ান ইউনিয়ন পরিষদ চত্ত্বরে আয়োজিত এ অনুষ্ঠানে ইউপি চেয়ারম্যান আয়ুব হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর জেলা পরিষদ চেয়ারম্যান অ্যাড. আব্দুস সালাম, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহীন, মুজিবনগর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা মেহেদী রাসেল, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক আবুল কালাম, মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোমেন মিলু, উপজেলা যুব মহিলা লীগ সভাপতি তকলিমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগ সভাপতি মজিবুর রহমান মধু বিশ্বাস, সাবেক প্রধান শিক্ষক প্রশাস্ত মন্ডল। উপস্থিত ছিলেন ইউনিয়নের পরিষদের সকল ইউপি সদস্যবৃন্দ, ইউনিয়ন আওয়ামী লীগ নেতৃবৃন্দসহ গণ্যমান্য ব্যাক্তিবর্গ।

সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানে মঞ্চ মাতায স্থানীয় ও অন্য জেলা থেকে আগত শিল্পীবৃন্দ। অনুষ্ঠানের শেষে আতশ বাজি ফাটিয়ে আকাশ রাঙানো হয়।

১২ বছরের দীর্ঘ মেয়াদে পরিষদ পরিচালনা ও রাজনৈতিক নেতৃত্ব প্রদানের অভিজ্ঞতার আলোকে চেয়ারম্যান আয়ুব হোসেন বলেন আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভুল ভ্রান্তি ভুলে সকলকে এক ঐক্যের মাধ্যমে শক্তিশালী সংগঠনিক অবস্থানের মধ্য দিয়ে শেখ হাসিনাকে পুনর্বার বাংলাদেশে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব এনে দিতে হবে।

কৃষকদল নেতা হত্যার প্রতিবাদে মেহেরপুরে বিএনপির শোক র্যালি

বিএনপির কেন্দ্র ঘোষিত শান্তিপূর্ণ পদযাত্রায় লক্ষিপুরে কৃষক দল নেতা সজীব হত্যার প্রতিবাদে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে শোক র্যালি ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২০ জুলাই) বিকালে মেহেরপুর কাথুলী বাসস্ট্যান্ড এই প্রতিবাদ সভা ও শোক র্যালি অনুষ্ঠিত হয়।

শোক র্যালিটি কাথুলী বাসস্ট্যান্ড থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়।

শোক র্যালিতে জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন, সাধারণ সম্পাদক সাবেক এমপি আমজাদ হোসেন, জেলা বিএনপির সিনিয়র সহসভাপতি জাভেদ মাসুদ মিল্টন, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, সাংগাঠনিক সম্পাদক জুলফিকার আলী ভূট্টোসহ অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ইনস্টিটিউট অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারর্স বিক্ষোভ সমাবেশ

প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও আন্ত:মন্ত্রণালয় কমিটিরি সুপারিশের আলোকে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ছাত্র, শিক্ষক, পেশাজীবিদের সমস্যার সমাধান এবং বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড ২০২০ এর বিতর্কিত ধারা উপধারা সংশোধন ও ঢাকা মহানগর ইমারত নির্মাণ বিধিমালা ২০০৮ এর গেজেট সংশোধিত আকারে প্রকাশসহ চার দফা দাবিতে মেহেরপুরে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২০ জুলাই) দুপুরের দিকে মেহেরপুর কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) সামনে ইনস্টিটিউট অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারর্স অব বাংলাদেশ (আইডিইবি) মেহেরপুর জেলা শাখা এই বিক্ষোভ সমাবেশের আয়োজন করে।

ইনস্টিটিউট অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারর্স অব বাংলাদেশ (আইডিইবি) মেহেরপুর জেলা শাখার উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন আইডিইবির জেলা শাখার সাধারণ সম্পাদক ও গণপূর্ত অধিদপ্তরের উপসহকারি প্রকৌশলী মারুফ হোসেন, আইডিইবির সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক প্রকৌশলী রাশেদুল ইসলাম বোরহান, গণপূর্তের উপসহকারি প্রকৌশলী মনিরুজ্জামান, সোহেল রানা, মো: নুরুল ইসলাম প্রমুখ। এসময় মেহেরপুর কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের শিক্ষক ও প্রশিক্ষনার্থীরা উপস্থিত ছিলেন।

আইডিইবি’র চার দফার মধ্যে রয়েছে, ১. প্রধানমন্ত্রীর নির্দেশনা ও সরকারের আন্ত:মন্ত্রণালয় কমিটির সুপারিশের আলোকে ইঞ্জিনিয়ারের সঙ্গা নির্ধারণসহ বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড ২০২০ ও ঢাকা ইমারত নির্মাণ বিধিমালা ২০০৮ এর জনস্বার্থ বিরোধী সঙ্গা ও ধারা উপধারা সংশোধনপূর্বক গেজেট প্রকাশ করতে হবে।

২. প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশিত ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের প্রাথমিক নিযুক্তিতে অন্যান্য পেশাজীবীদের ন্যায় একটি স্পেশাল ইনক্রিমেন্ট প্রদান এবং ডিজাইন ও প্লানিং সংস্থার ক সহকারী প্রকৌশলীদের সহকারী প্রকৌশলীদের ন্যায় ৩টি স্পেশাল

ইনক্রিমেন্ট, পদোন্নতির কোটা ৫০%, বিদ্যুৎ বিভাগের বিভিন্ন কোম্পানিতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সার্ভিস রুল অনুযায়ী নেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি প্রদান, সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা, পেট্রোবাংলা, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের ইস্টার্ন রিফাইনারি, যমুনা, মেঘনা ও পদ্মা অয়েল কোম্পানি এবং বিদ্যুৎ বিভাগের বিভিন্ন কোম্পানিতে ইঞ্জিনিয়ারিং টীম কনসেন্ট অনুযায়ী অর্গানোগ্রাম প্রণয়ন এবং প্রাইভেট সেক্টরে কর্মরত ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ন্যূনতম বেতন ও পদবী নির্ধারণ করা, বিজেএমসি’র বন্ধ পাটকলের ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী চাকরিতে বহাল রাখা, মেরিন ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের যোগ্যতা অনুযায়ী সিডিসি সনদ প্রদান, টিটিসির শিক্ষকদের এক বেতন ছেলে ৩ পদ প্রথা বাতিল করে পদোন্নতির জন্য উচ্চতর ধাপে বেতন স্কেল নির্ধারণ করে অমানবিক পদোন্নতির প্রথা বাতিল করা, এসএসসি েভোকশনাল শিক্ষকদের কমন সিনিয়রিটির ভিত্তিতে পদোন্নতি প্রদান, সহকারী প্রধান শিক্ষক (কারিগরি) পদ সৃষ্টি ও ব্যবহারিক ক্লাসের জন্য ল্যাব ও যন্ত্রপাতির ব্যবস্থা করতে হবে।

৩. উন্নত সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সরকারের পরিকল্পনা সুষ্ঠু বাস্তবায়নের উদ্দেশ্যে দক্ষ ও আধুনিক আননির্ভর টিভিইটি গ্র্যাজুয়েট তৈরির লক্ষ্যে পলিটেকনিক ইনস্টিটিউট ও টিএসসিতে তীব্র শিক্ষক সংকট দুরীকরণ, শ্রেণিকক্ষ, ল্যাব, ওয়ার্কসপ সংকটসহ পলিটেকনিক ইনস্টিটিউট ও টিএসসির শিক্ষকদের পদোন্নতি প্রদান, পলিটেকনিক ইনস্টিটিউটের নিয়োগবিধি সংশোধন করে ক্যাডার ও নন-ক্যাডার পদসমূহ একীভূত করে বিদ্যমান নন-ক্যাডার পদসমূহ জনবলসহ ক্যাডারে আত্মীকরণ প্রক্রিয়া বাস্তবায়ন, ঝঞঊচ প্রকল্পের শিক্ষকদের মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী নিয়মিতকরণ ও ৩৪ মাসের বকেয়া বেতন প্রদান, সরকারের আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশের আলোকে ছাত্র ছাত্রীদের বৃত্তি ও ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ভাতা বৃদ্ধি এবং ২৯টি ইমার্জিং টেকনোলজির বেকার ডিপ্লোমা গ্র্যাজুয়েটদের বিভিন্ন সরকারি সংস্থায় পদ সৃষ্টি সহ নিয়োগের ব্যবস্থা করতে হবে।

৪. সরকার অনুমোদিত চলমান ৪ বছর মেয়াদি ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং শিক্ষাকোর্সকে ৪বছরেই রাখার মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণার পরও শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক এ সংক্রান্ত ইতিপূর্বে গঠিত কমিটি অবিলম্বে বাতিল ঘোষণা করতে হবে।

জেলা পর্যায়ে সন্ধানী ও জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সাফল্য

মেহেরপুর জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ ও জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৩ এর পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। গাংনীর সন্ধানী ও জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের নানা সাফল্যের চিত্র তুলে ধরা হলো।

আজ বুধবার সকালের দিকে জেলাপ্রশাসক মোঃ আজিজুল ইসলাম তাঁর সম্মেলন কক্ষে বিভিন্ন ক্যাটাগরিতে জেলার শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক, শ্রেষ্ঠ স্কাউট, শ্রেষ্ঠ গার্লস গাইড, শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও সাংস্কৃতিক ইভেন্টে শ্রেষ্ঠদের মাঝে ক্রেস্ট, সার্টিফিকেট ও প্রাইজমানি প্রদান করেন।

এবছর মেহেরপুর জেলার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ পর্যায়) নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজ, গাংনী, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান (মাধ্যমিক পর্যায়) নির্বাচিত হয়েছে মোঃ হাবিবুর রহমান, অধ্যক্ষ, সন্ধানী স্কুল এন্ড কলেজ, গাংনী, শ্রেষ্ঠ শিক্ষার্থী (মাধ্যমিক পর্যায়) নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের ৮ম শ্রেণির আতকিয়া ফাইজা, কলেজ পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষার্থী হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির জান্নাতুস ছামানিয়া ছোঁয়া, শ্রেষ্ঠ গালর্স গাইড শিক্ষক নির্বাচিত হয়েছে শুকেশ চন্দ্র বিশ্বাস, সহকারী শিক্ষক, শ্রেষ্ঠ গালর্স গাইড লিডার নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের ৮ম শ্রেণির আতকিয়া ফাইজা, শ্রেষ্ঠ গালর্স গাইড গ্রুপ নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের গালর্স গাইড গ্রুপ, বাংলা রচনায় ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির মোছাঃ হালিমা খাতুন, ইংরেজি বক্তব্যে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির সানজিদা আক্তার যুথি, খ গ্রুপে একক বিতর্কে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের ৯ম শ্রেণির উম্মে

জুমাইল জান্নাত, গ গ্রুপে একক বিতর্কে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির হালিমা খাতুন, তাৎক্ষণিক অভিনয়ে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির মোছাঃ হালিমা খাতুন এবং নজরুল সঙ্গীত, দেশাত্মবোধক গান ও লোকগীতিতে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির জান্নাতুস ছামানিয়া ছোঁয়া।

বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতায় জেলার ৮ জন সেরা মেধাবী ছাত্রাছাত্রী নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজ থেকে। জেলা পর্যায়ে ৮ জন সেরা মেধাবী ছাত্রছাত্রীরা হলো- দৈনন্দিন বিজ্ঞানে ৭ম শ্রেণির লাইবা জামান, ১০ম শ্রেণির জ্যুয়িনা ইসলাম ও ১২শ শ্রেণির নাজমুস সাকিফ গণিত ও কম্পিউটারে ৮ম শ্রেণির মুবিনা ইসলাম ও দ্বাদশ শ্রেণির নাজমুস সাকিফ, ভাষা ও সাহিত্যে ৯ম শ্রেণির উম্মে জুমাইল জান্নাত ও ১২শ শ্রেণির জয়া আফরিন মিষ্টি এবং বাংলাদেশ স্টাডিজে ১২শ শ্রেণির ইফ্ফাত নওশীন রাকা। বিজয়ী ছাত্রছাত্রী ও শিক্ষকমন্ডলীকে সন্ধানী সংস্থার পক্ষ থেকে অভিনন্দন।

“জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৩” প্রতিযোগিতায় জেলা পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (মাধ্যমিক)-সহ ০৯টি ইভেন্টে প্রথম স্থান অধিকার করেছে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা।

এছাড়াও জেলার শ্রেষ্ঠ স্কাউটস দল নির্বাচিত হয়েছে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের স্কাউটস দল।

১.হামদ নাত:ক গ্রুপে রুহানি ইসলাম ফারিন(শ্রেণি:৮ম) ২. ইংরেজি রচনা: ক গ্রুপে সোহানুর রহমান (শ্রেণি: ৮ম) ৩. ইংরেজি রচনা: খ গ্রুপে হাসিনা খাতুন (শ্রেণি:১০ম) ৪. জারী গান: খ গ্রুপে উলমাতুন নেছা পূর্ণিমা ও তার দল ৫. দেশোত্মবোধক গান: (ক) গ্রুপ:কামিনি (৬ষ্ঠ) ৬. রবীন্দ্রসংগীত: (খ) গ্রুপ: সোনিয়া (শ্রেণি: ১০ম), ৭.উচ্চাঙ্গ সংগীত: (ক) গ্রুপ: মার্দিয়া জামান মমো (শ্রেণি: ৮ম) . উচ্চাঙ্গ সংগীত: (খ) গ্রুপ: উলমাতুন নেছা পূর্ণিমা (শ্রেণি: ১০ম) ৯. লোকসংগীত: (ক) গ্রুপ: সামিউল ইসলাম (শ্রেণি: ৬ষ্ঠ)।

এসময় অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাসসহ প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরের সেই মাটি খেকো নেতার বিরুদ্ধে এবার কোর্টে মামলা দায়ের

মেহেরপুর সদর উপজেলার খোকসা গ্রামের মাটি খেকো সেই যুবলীগ নেতা মুঞ্জুরুল ইসলাম ও মো: রিপনের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করা হয়েছে।

সদর উপজেলার খোকসা গ্রামের মৃতু ফরজ আলীর ছেলে সাদিকুর রহমান ওরফে ফকির বাদী হয়ে ৪৪৭/৩৭৯/৪২৭/৫০৬ পিসি ধারায় এই মামলাটি করেন। যার মামলা নং সিআর ৫১৬/২০২৩ইং।

মামলার বিবরণে জানা গেছে, বাদির কেনার জন্য বায়নাকৃত জমিতে মঞ্জুরুল ইসলাম অবৈধভাবে প্রবেশ করে এসকেবেটর দিয়ে মাটি কেটে একই সাথে সরকারি জমিরও মাটি কেটে প্রায় ৩০০ ট্রলি মাটি বিক্রি করেছে। মাটির আনুমানিক মূল্য আড়াই লাখ টাকা। মামলার বাদী আরও বলেন, আসামিরা মাটি কেটে আমার ক্ষতি সাধন করেছেন। আমি খবর পেয়ে এসকেভেটর বন্ধ করার জন্য গেলে তারা মারার জন্য আমার দিকে ছুটে আসে। এসময় আমি প্রাণ ভয়ে সেখান থেকে পালিয়ে আসি।

জানা গেছে, আমঝুপি ইউনিয়নের ১ নং ওয়ার্ড যুবলীগের সাধারণ সম্পাদক ও স্থানীয় মসজিদ কমিটির সাধারণ সম্পাদক মুঞ্জুরুল ইসলাম দীর্ঘদিন যাবৎ এসকেভেটর দিয়ে বিভিন্ন স্থানের মাটি কেটে স্থানীয় ইটভাটাগুলোতে সরবরাহ করে থাকেন। তিনি শুধূ এলাকার পতিত জমিই নয়, সরকারি বেসরকারি সব জমিতেই জোর করে অবৈধভাবে মাটি কেটে মোটা অংকের টাকা নিয়ে বিক্রি করে বলে জানান স্থানীয়রা।

উল্লেখ্য যে, ১৯ জুলাই মেহেরপুর প্রতিদিনে ” মেহেরপুরের খোকসাতে সরকারি জমির মাটি কাটার অভিযোগ” শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়।

এদিকে আদালত তাদের গ্রেফতারি পরোয়ানা জারি করেছে।

মেহেরপুরে পূর্ব শত্রুতার জেরে হামলা চালিয়ে আহত

মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়া গ্রামে পূর্ব শত্রুতার জের ধরে আব্দুল মোমিন ওরফে সুরুজকে পিটিয়ে আহত, নগদ টাকা ছিনতাই ও মোবাইলফোন পুড়িয়ে দেওয়ার অভিযোগ উঠেছে প্রতিপক্ষদের বিরুদ্ধে। এঘটনার বিচার দাবি করে মেহেরপুর সদর থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন সুরুজ।

জানা গেছে, আজ বুধবার (১৯ জুলাই) সকাল ৯ টার দিকে সুরুজ তার মায়ের নামীয় জমির কলার ক্ষেতে কাজ করছিলেন।

এসময় কুলবাড়িয়া গ্রামের সুমন, মামুন, আব্দুল লতিব, জুয়েল, আব্দুল কুদ্দুছ, হুদাল্লিল, মুলুক, নাজাতুল্লাহ ও তাদের লোকজন কলার ক্ষেতে দেশীয় অস্ত্র লাঠি শোঠা, লোহার রড ও হাসুয়া নিয়ে হামলা চালিয়ে আমাকে বেধড়ক মারপিট করে।

এসময় আমার কাছে থাকা একটি এন্ড্রয়েট স্যামসাং মোবাইল ফোন পুড়িয়ে দেয় এবং নাগদ ১০ হাজার টাকা ছিনিয়ে নেয়। মোবাইল ফোন ছিনিয়ে নিয়ে সেটিতে আগুন লাগিয়ে দেয়। এছাড়া গলায় হাসুয়া ধরে হত্যার হুমকী দেয়।

এঘটনায় আব্দুল মোমিন বাদী হয়ে মেহেরপুর থানায় অভিযোগ দায়ের করা হয়েছে।

মেহেরপুরে শান্তিপূর্ণভাবে

বিএনপির পদযাত্রা অনুষ্ঠিত

এক দফা দাবি আদায়ে বিএনপির পদযাত্রা মেহেরপুর শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। বুধবার (১৯ জুলাই) সকাল সাড়ে ১০ টার দিকে এই পদযাত্রা কর্মসূচি শুরু হয়।

পদযাত্রা কর্মসূচির উদ্বোধন করেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন। এসময় জেলা বিএনপির সাধারণ সম্পাদক আমজাদ হোসেন, সহসভাপতি জাভেদ মাসুদ মিল্টন, আলমগীর খান ছাতু, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।

এদিকে কর্মসূচি সফল করতে জেলার বিভিন্ন এলাকা থেকে বিভিন্ন শ্রেণি-পেশার নানা বয়সী মানুষকে যোগ দেওয়ার আহ্বান জানিয়েছে বিএনপি।

পদযাত্রাটি বিটিসি থেকে শুরু হয়ে মেহেরপুর কলেজ মোড়, পুরাতন বাসস্ট্যান্ড, হোটেল বাজার, বড় বাজার, কাথুলি মোড় থেকে ছহি উদ্দীন ডিগ্রী কলেজে গিয়ে শেষ হয়।

এর আগে, বুধবার (১৯ জুলাই) সকাল থেকে খণ্ড খণ্ড মিছিল নিয়ে বিটিসি’র সামনে গিয়ে অবস্থান নেন বিএনপি নেতা-কর্মীরা। তাদের সবার হাতে ব্যানার, প্ল্যাকার্ড ফেস্টুন দেখা গেছে। অনেকেই ধানের ছড়া হাতে পদযাত্রা কর্মসূচিতে অংশ নিয়েছেন।

এদিকে বিএনপির পদযাত্রাকে কেন্দ্র করে শহরের বিভিন্ন মোড়ে মোড়ে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের উপস্থিতি দেখা গেছে। পোশাকে, সাদা পোশকে নজরদারি করছেন পুলিশের গোয়েন্দা সদস্যরা।

ভারপ্রাপ্তের ভারে ন্যুজ মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়

ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়েই দেড় বছর চলছে মুজিবনগর উপজেলার মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম। ফলে দিন দিন

কমছে বিদ্যালয়টির শিক্ষার মান। এতে প্রতিষ্ঠানে স্বাভাবিক শিক্ষা কার্যক্রমও ব্যাহত হচ্ছে বলে অভিযোগ সংশ্লিষ্টদের।

এই শিক্ষাপ্রতিষ্ঠানে দীর্ঘদিন ধরে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে পরিচালিত হলেও নিয়োগের কোনো ধরনের পদক্ষেপ গ্রহণ করেনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। তবে অন্যান্য তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারীর নিয়োগ যথারীতি চলছে। ইতোমধ্যে দুই জন তৃতীয় ও চতুর্থ শ্রেনীর কর্মচারী নিয়োগ দিয়ে মোটা অংকের বানিজ্য হলেও ওই বিদ্যালয়ের উন্নয়নে একটি টাকা পাওয়া যায়নি বলেও জানিয়েছেন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সাদেক আলী।

সভাপতি রাজনৈতিক প্রভাব খাটিয়ে দেড় বছর ধরে প্রধান শিক্ষকের পদটি ঝুলিয়ে রেখেছেন বলে একটি সূত্র দাবী করেছেন। সভাপতির নিজের ক্ষমতা টিকিয়ে রাখতেই প্রতিষ্ঠানে প্রধান শিক্ষক নিয়োগে বাধাগ্রস্ত করছেন। এক্ষেত্রে একবারও প্রতিষ্ঠান প্রধান নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়নি।

নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন অভিভাবক বলেন ‘দীর্ঘদিন ধরে প্রতিষ্ঠান প্রধানের পদ ফাঁকা থাকলে শিক্ষা কার্যক্রমের ব্যাঘাত ঘটবে এটাই স্বাভাবিক। অন্য পদে নিয়োগ চলছে অথচ যেটা জরুরি সেই প্রধান শিক্ষকের নিয়োগ হচ্ছে না। এমন পরিবেশে আমরা আমাদের ছেলে-মেয়েদের শিক্ষা গ্রহণ নিয়ে চরম দুশ্চিন্তায় আছি।’

স্থানীয় বাসিন্দা বলেন, একজন প্রতিষ্ঠান প্রধানকে কেন্দ্র করেই সে প্রতিষ্ঠানের সাফল্য রচিত হয়। অথচ কিছু মানুষ নিজেদের সুবিধা আদায়ে ও নিয়োগ বাণিজ্য করতে বছরের বছর ধরে এসব স্কুল ও কলেজে প্রধান শিক্ষক নিয়োগ বাধাগ্রস্ত করেন।

এব্যাপারে মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা পরিষদের সভাপতি শাহাবুদ্দীন জানান, পরস্পর জানা শোনার মধ্য দিয়ে একজন প্রধান শিক্ষক খোঁজা হচ্ছে। এধরনের চেনা জানা প্রধান শিক্ষক পাওয়া যায়নি বলে প্রধান শিক্ষক নিয়োগ হয়নি। তাছাড়া গ্রামের স্কুল এজন্য সার্কোলারও দেওয়া হয়নি। চেনা জানা প্রধান শিক্ষক পাওয়া গেলে পত্রিকায় সার্কোলার দেওয়া হবে।

এ বিষয়ে মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্বাছ উদ্দীন বলেন, বিদ্যালয়ে প্রধান শিক্ষক নিয়োগ দেওয়ার বিষয়টি স্কুলের ব্যবস্থাপনা কমিটির উপর নির্ভর করে। পূর্নাঙ্গ কমিটি না থাকলে সেখানে নিয়োগ দেওয়া সম্ভব নয়। তবে অতি দ্রুত যাতে নিয়োগ দেওয়া

যায়, সে বিষয়ে ব্যবস্থা নেওয়া উচিৎ।

মেহেরপুরের খোকসাতে সরকারি জমির মাটি কেটে বিক্রয়

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়নে খোকসা গ্রামে রাতের আঁধারে সরকারি জমিতে অবৈধভাবে মাটি কেটে বিক্রয় করেছেন মনজুরুল ইসলাম এক ব্যক্তি। মাটি খেকো মঞ্জুরুল ইসলাম আমঝুপি গ্রামের কালুর ছেলে।

খোকসাা গ্রামের তাসিরুল ইসলামের বাড়ির পাশে মাঠে যাওয়া রাস্তার মাটি রাতের আধারে কেটে সাঁবাড় করে দিচ্ছেন। মাটি কিনছেন একই গ্রামের সিরারুল ইসলাম।

খোকশা গ্রামের সাদিকুল ইসলাম অভিযোগ করেন, শুধু সরকারি জমির মাটিই নয়, গায়ের জোরে ওই জমির পাশে আমার জমির মাটিও কেটে অন্য জায়গায় বিক্রয় করেছেন মুঞ্জুরুল ইসলাম। এভাবে এলাকার অনেক মানুষের জমি কেটে বিক্রয় করেছেন বলে অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে।

তিনি আরো বলেন, যেখান থেকে মাটি কেটেছে সেখানে একটি রাস্তা ছিল সে রাস্তা দিয়ে মাঠের ফসল নিয়ে যাতায়াত করতো কৃষকগণ।

কৃষকদের যাতায়াতের রাস্তাটির মাটি কাটার ফলে বর্তমান সে রাস্তাটি হারিয়ে যাচ্ছে। ফলে কৃষকরা ক্ষতির সম্মুখিন হচ্ছেন।

নাম প্রকাশ না করার শর্তে স্থানীয়রা বলেন, মঞ্জুরুল ইসলামের মুল ব্যবসা অবৈধভাবে মাটি কাটা। ভয়ে তাকে কেউ কিছু বলতে পারেনা। মুঞ্জুরুল ইসলাম গর্ব করে বলে বেড়ান ডিসি,এসপি থানা সবকিছু তার হাতের মধ্যে।

সরকারি জমির পাশের জমির মালিক সাদিকুল ইসলাম বলেন, মুঞ্জুরুল ইসলাম রাতের আঁধারে অবৈধভাবে সরকারের জমিতে মাটি কেটেছে। ওই জমির পাশে আমার জমি ছিল। সে আমার জমি থেকে মাটি কেটে বিক্রি করে দেন অন্য জায়গায় এই নিয়ে আমি একটি মামলা করব বলে জানায়। তিনি আরও বলেন, অল্প গভীর করলে সেখান দিয়ে যাওয়া যেতো। পাশেই আমার জমি।

ওই জমির উপর দিয়ে আমার জমিতে যেতে হয়। গভীর করে মাটি কেটে নেওয়ায় এখন আমার জমিতে যাওয়া পথ বন্ধ হয়ে গেছে।
নাম প্রকাশ না করার শর্তে স্থানীয় ব্যক্তি জানান, মুঞ্জুরুল সরকারি জমির মাটি কেটে নিয়ে বিক্রি করছে। এটা এলাকার সবাই জানে। সে আওয়ামীলীগ নেতা তাকে কিছু বলে মার খাবো। এ বিষয়ে ফেসবুকেও লাইভ হয়েছে। তবে, এই মাটি খেকোর বিচার হওয়া দরকার।

এ ব্যাপারে মুঞ্জুরুল ইসলাম বলেন, আমার বিরুদ্ধে যা বলেছে সব মিথ্যা বলেছে। আমি আজগর আলীর জমির মাটি কেটেছি। ওই জমির পাশে খাস জমি আছে। ওখানে ইটের ভাটা থাকায় ইটের কুচি রয়েছে। সেই কুচি সরানো হয়েছে। সেখান থেকে কিছু মাটি নেওয়া হয়েছে। তিনি আরও বলেন আমি যুবলীগের আমুঝুপি ইউনিয়নের ১ নং ওয়ার্ডের সেক্রেটারী, সেই সাথে মসজিদ কমিটিরও সেক্রেটারী। আমার হাত দিয়ে অন্যায় কিছু হবেনা। এছাড়া আমি মাটির ব্যবসা করি বলে মেহেরপুরের অনেক সাংবাদিকের সাথেই আমার ভাল সম্পর্ক রয়েছে। তাদের সাথে আমার নিয়মিত কথা চলে।

এ বিষয়ে সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) কাজী নাজিব হোসেন বলেন, আমি নতুন এসেছি। তারপরও এ বিষয়ে নিয়ে খোঁজ খবর নিয়ে আইননুনো ব্যবস্থা নেবো।

বনায়ন মেহেরপুরের উদ্যোগে ঔষধি বাগানের উদ্বোধন

“বনায়ন”মেহেরপুরের উদ্যোগে মেহেরপুর সার্কিট হাউসে একটি ঔষধি বাগানের উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে একটি করবি গাছ লাগিয়ে উক্ত ঔষধি বাগানের উদ্বোধন করেন মেহেরপুর জেলা প্রশাসক আজিজুল ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন স্থানীয় সরকারের উপপরিচালক শামীম হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস এবং ব্রিটিশ আমেরিকান টোব্যাকো মেহেরপুরের আঞ্চলিক ব্যবস্থাপক সাজ্জাদ তালুকদার।

ঔষধি বাগানে নানা প্রজাতির প্রায় ১০০ টি বিলুপ্তপ্রায় ঔষধি গাছ রোপন করা হয়। এছাড়াও জেলা সার্কিট হাউজ এলাকায় সৌন্দর্য বর্ধনের জন্য বিভিন্ন প্রজাতির দৃষ্টি নন্দন গাছের চারা রোপন করা হয়।